


### বরাদ্দ আদেশ

খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় কাউখালী উপজেলার এপ্রিল/২০২৪খ্রিঃ মাসের জন্য নিম্নোক্ত নিয়োজিত ডিলারগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ চাল বরাদ্দ প্রদান করা হল। নিয়োজিত ডিলারগণ আগামী ১০/০৪/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে প্রতি মেট্রিক টন চালের মূল্য ১৩,০০০/- (তের হাজার) টাকা হারে নির্ধারিত কোডে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক অত্র দপ্তর হতে ডিও গ্রহণ পূর্বক তাদের বরাদ্দকৃত পরিমাণ চাল কার্গেল মিশ্রণের জন্য মিশ্রণ মিলার বিএসএন এগ্রো ফুডস, মালিক- ইকবাল বাহার চৌধুরী/তার মনোনিত প্রতিনিধি এর নিকট পুনঃ সন্তুষ্টি সহকারে হস্তান্তর করবেন। মিশ্রণ মিলার সংশ্লিষ্ট ডিলারের নামে যে পরিমাণ চাল বরাদ্দ, সে পরিমাণ চাল নিয়ে কার্গেল মিশ্রণ পূর্বক পুষ্টি চাল প্রস্তুত করতঃ নির্ধারিত সময়ের মধ্যে ডিলারের দোকান/বিক্রয়কেন্দ্রে পুষ্টি চাল পৌঁছে দেবেন। সংশ্লিষ্ট ডিলারগণ প্রকৃত কার্ডধারীর নিকট প্রতি কেজি চালের মূল্য ১৫/- (পনের) টাকা দরে ৩০ কেজি পুষ্টি চাল সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রতি সপ্তাহে সোম, মঙ্গল ও বুধবার পুষ্টি চাল বিক্রি শেষ না হওয়া পর্যন্ত বিক্রি করবেন। নির্ধারিত দিনের মধ্যে ও মাসের শেষান্তে চাল বিক্রি শেষ না করতে পারলে অন্যান্য দিনেও তদারকী কর্মকর্তার পরামর্শক্রমে পুষ্টি চাল বিক্রি করা যেতে পারে।

ডিলারগণ গুদাম হতে দোকানে নেওয়ার সাথে সাথে তাদের দোকানের সাথে ট্যাগকৃত তদারকী কর্মকর্তাকে আবেশিকভাবে অবহিত করবেন এবং তদারকী কর্মকর্তার উপস্থিতিতে ও নির্দেশক্রমে বিক্রির নির্ধারিত দিনে কার্ডধারীদের নিকট পুষ্টি চাল বিক্রি করবেন। পাশাপাশি স্থানীয় ইউপি চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের সচিব ও মেম্বরগণকেও পুষ্টি চাল বিক্রি সম্পর্কে অবহিত করবেন। বিক্রির নির্ধারিত দিনে বিক্রির পরিমাণ অত্র দপ্তরকে মুঠোফোনে অবশ্যই অবহিত করবেন।

ক্রঃ নং	খাদ্যবান্ধব ডিলারের নাম ও ঠিকানা	কার্ড সংখ্যা	চাল বরাদ্দের পরিমাণ	দোকানের অবস্থান
১	জনাব মোঃ রফিকুল ইসলাম চাইঞোরুই বাজার, বেতবুনিয়া ইউপি	৪৫০	১৩.৫০০ মেঃটন	চাইঞোরুই বাজার, বেতবুনিয়া ইউপি, কাউখালী উপজেলা।
২	জনাব শান্তিময় চাকমা বর্মাছড়ি বাজার, ফটিকছড়ি ইউপি	১৭৭	৫.৩১০ মেঃটন	বর্মাছড়ি বাজার, ফটিকছড়ি ইউপি, কাউখালী উপজেলা।
৩	জনাব শীশু কুমার বড়ুয়া ঘাগড়া বাজার, ঘাগড়া ইউপি	৩১৬	৯.৪৮০ মেঃটন	ঘাগড়া বাজার, ঘাগড়া ইউপি, কাউখালী উপজেলা।
৪	জনাব মোঃ গোলাম কিবরিয়া মুসলিম পাড়া, ঘাগড়া ইউপি	৩৩২	৯.৯৬০ মেঃটন	মুসলিম পাড়া, ঘাগড়া ইউপি, কাউখালী উপজেলা।
৫	জনাব মোঃ আক্তার(দিদার) নাইল্যাছড়ি বাজার, কলমপতি ইউপি	৪০৯	১২.২৭০ মেঃটন	নাইল্যাছড়ি বাজার, কলমপতি ইউপি, কাউখালী উপজেলা।
	মোট=	১৬৮৪টি	৫০.৫২০ মেঃটন	



(তরুন প্রকাশ চাকমা)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
কাউখালী, রাজশামাটি পার্বত্য জেলা।

তারিখ- ০৪/০৪/২০২৪খ্রিঃ।


স্মারক নং- ১৩.০১.৮৪২৫.০০৭.৫৭.০০১.২৩- ২৫০

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, রাজশামাটি পার্বত্য জেলা।
২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশামাটি পার্বত্য জেলা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাজশামাটি পার্বত্য জেলা।
৪. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, রাজশামাটি পার্বত্য জেলা।
৫. চেয়ারম্যান, বেতবুনিয়া/ফটিকছড়ি/ঘাগড়া/কলমপতি ইউনিয়ন পরিষদ, কাউখালী, রাজশামাটি পার্বত্য জেলা।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. জনাব ..... উপজেলা ..... কর্মকর্তা/ইউনিট অফিসার/উপসহকারী  
..... কর্মকর্তা ও তদারকি কর্মকর্তা, খাদ্যবান্ধব কর্মসূচি ..... বাজার,  
..... ইউপি, কাউখালী, রাজামাটি পার্বত্য জেলা।
২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাউখালী এলএসডি, কাউখালী, রাজামাটি পার্বত্য জেলা। সঠিক ওজন ও নমুনা ব্যাগ সহকারে সংশ্লিষ্ট  
ডিলারের অনুকূলে ইস্যুকৃত চাল মিশ্রণ মিলারের নিকট বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।
৩. জনাব ..... খাদ্যবান্ধব ডিলার ..... বাজার ..... ইউপি,  
কাউখালী, রাজামাটি পার্বত্য জেলা। অবগতি ও আপনার অনুকূলে ডিওকৃত মোট চালের পরিমাণ ..... মেঃটন চাল  
পুষ্টি মিলার মেসার্স বিএসএন এগ্রো ফুডস, মালিক- ইকবাল বাহার চৌধুরী/তার মনোনিত প্রতিনিধি, মানিকছড়ি, রাজামাটি  
পার্বত্য জেলা এর নিকট পুনঃ সন্তুষ্টি সহকারে হস্তান্তরের জন্য অনুরোধ করা হল। পুষ্টি মিলার কার্গেল মিশ্রণ করতঃ নির্ধারিত  
সময়ের মধ্যে আপনার দোকান/বিক্রয়কেন্দ্রে পুষ্টি চাল পৌঁছে দেয়ার সাথে সাথে নিম্নস্বাক্ষরকারীসহ দোকানের সাথে ট্যাগকৃত  
তদারকি কর্মকর্তাকে আবিশ্যিকভাবে অবহিত করার জন্য এবং বিক্রির নির্ধারিত দিনে তদারকি কর্মকর্তার উপস্থিতিতে ও  
নির্দেশক্রমে স্বাস্থ্যবিধি মেনে কার্ধধারীদের নিকট চাল বিক্রি করার জন্য অনুরোধ করা হল।
৪. মেমার্স বিএসএন এগ্রো ফুডস, মালিক- ইকবাল বাহার চৌধুরী, মানিকছড়ি, রাজামাটি পার্বত্য জেলা। অবগতি ও খাদ্যবান্ধব  
কর্মসূচিতে পুষ্টি চাল বিতরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ডিলারের সাথে সার্বিক যোগাযোগ করতঃ ডিওকৃত মোট চালের পরিমাণ পুনঃ  
সন্তুষ্টি সহকারে ডিলারের নিকট হতে গ্রহণ পূর্বক কার্গেল মিশ্রণ করতঃ নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ডিলারের  
দোকান/বিক্রয়কেন্দ্রে পুষ্টি চাল পৌঁছে দেয়ার জন্য অনুরোধ করা হল, যাতে ডিলারগণ নির্ধারিত দিনে উপকারভোগীদের মাঝে  
পুষ্টি চাল বিতরণ সম্ভব হয়।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
কাউখালী, রাজামাটি পার্বত্য জেলা।